

PRINT

# সমকালে

## আইইউবিতে কৃতী শিক্ষার্থী সংবর্ধনা

১১ ঘন্টা আগে



কৃতী শিক্ষার্থীদের পুরস্কৃত করল ইংরেজি মাধ্যম স্কুল একাডেমিয়া। এ উপলক্ষে রাজধানীর বসুন্ধরায় ইনডিপেনডেন্ট ইউনিভার্সিটি বাংলাদেশ (আইইউবি) ক্যাম্পাসে বর্ণাত্য অনুষ্ঠানের আয়োজন করা হয়। গত ২২ নভেম্বর এ অনুষ্ঠানে পুরস্কার বিতরণ করেন প্রধান অতিথি উপাচার্য অধ্যাপক এম ওমর রহমান।

২০১৮ সালে বিশ্বব্যাপী এডেক্সেল কারিকুলামে অনুষ্ঠিত হওয়া 'ও' লেভেল এবং 'এ' লেভেল পরীক্ষায় ভালো ফলের জন্য এ বছর একাডেমিয়া স্কুলের ২৫৬ শিক্ষার্থীকে সংবর্ধনা দেওয়া হয়। এর মধ্যে 'ও' লেভেলের ২১১ এবং 'এ' লেভেলের ৪৫ জনকে সংবর্ধনা দেওয়া হয়।

অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন আইইউবির উপ-উপাচার্য অধ্যাপক মিলান পাগন, এডেক্সেলের কান্ট্রি ডিরেক্টর সাইদুর রহমান, ডেভেলপমেন্ট ম্যানেজার আব্দুল্লাহ আল মামুন লিটন, একাডেমিয়া স্কুলের অধ্যক্ষ অধ্যাপক ড. এম মাহবুবুল হক, উপাধ্যক্ষ রওনক আলমগীর, চেয়ারপারসন সারওয়াত জেব ও ব্যবস্থাপনা পরিচালক মো. কুতুবউদ্দিন। সংবাদ বিজ্ঞপ্তি।

---

### © সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি | প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ | ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ | ইমেইল: [info@samakal.com](mailto:info@samakal.com)